

💵 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৭৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫২]

১। ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৭০. সকল মানুষের জন্য আমাদের নাবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রেরিত হয়েছেন এবং অন্যান্য সকল দীন ও ধর্ম তার দীনের মাধ্যমে রহিত হয়ে গেছে- এ কথার উপর বিশ্বাস স্থাপন ওয়াজিব।

باب وُجُوبِ الإِيمَانِ بِرِسَالَةِ نَبِيِّنَا مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى جَمِيعِ النَّاسِ وَنَسْخِ الْمَلَل بمِلَّتِهِ الْمَلل بمِلَّتِهِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا لَيْتُ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَا مِنَ الأَنْبِيَاءِ مِنْ نَبِيِّ إِلاَّ قَدْ أُعْطِيَ مِنَ الآَيْرِيَاءِ مِنْ نَبِيِّ إِلاَّ قَدْ أُعْطِيَ مِنَ الآَيُاتِ مَا مِثْلُهُ آمَنَ عَلَيْهِ الْبَشَرُ وَإِنَّمَا كَانَ الَّذِي أُوتِيتُ وَحْيًا أَوْحَى اللَّهُ إِلَىَّ فَأَرْجُو أَنْ أَكُونَ أَكْتُرَهُمْ تَابِعًا يَوْمَ الْقِيَامَةِ " .

বাংলা

২৭৮-(২৩৯/১৫২) কুতাইবাহ ইবনু সাঈদ (রহঃ) আবূ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত যে, রাসূলুল্লাহ বলেন, প্রত্যেক নবীকে সে পরিমাণ মু'জিযা দেয়া হয়েছে, যে পরিমাণ মু'জিযার প্রতি মানুষ ঈমান এনেছে। পক্ষান্তরে আমাকে যে মু'জিযা প্রদান করা হয়েছে, তা হচ্ছে আল্লাহ প্রেরিত ওয়াহী*। সুতরাং কিয়ামতের দিন আমার অনুসারীদের সংখ্যা সবচেয়ে বেশী হবে বলে আশা রাখি। (ইসলামিক ফাউন্ডেশনঃ ২৮২, ইসলামিক সেন্টারঃ ২৯৩)

English

Chapter: Obligation of believing that the message of our Prophet Muhammad (saws) is for all people, and the abrogation of all other religions

It is narrated on the authority of Abu Huraira that the Messenger of Allah () observed: There has never been a Prophet amongst the prophets who was not bestowed with a sign amongst the signs which were bestowed (on the earlier prophets). Human beings believed in it and verily I have been conferred upon revelation (the Holy Qur'an) which Allah revealed to me. I



hope that I will have the greatest following on the Day of Resurrection.

ফুটনোট

* কুরআন (ওয়াহী) এমন মু'জিয়া যাতে যাদুটোনা ইত্যাদির সন্দেহ নেই। পক্ষান্তরে অন্যান্য মু'জিয়ার মধ্যে সন্দেহের অবকাশ আছে। এজন্য আমার অনুসারী বেশী হবে। অথবা অন্যান্য নাবীগণের মু'জিয়া অতীত হয়ে গেছে, তাদের যুগ অতিবাহিত হওয়ার সাথে সাথে। পক্ষান্তরে আমার মু'জিয়া আল কুরআন কিয়ামাত পর্যন্ত অবশিষ্ট থাকবে। অতএব আমার অনুসারী বেশি হবে। (সংক্ষিপ্ত নাবাবী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন